

# বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপনে ৫০ কোটি টাকা বরাদ্দ করেছে সরকার

অনলাইন ডেক্স

১৭ নভেম্বর ২০১৯, ১১:১০

আপডেট: ১৭ নভেম্বর ২০১৯, ১২:৩২



তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ। ফাইল ছবি

তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক

বলেছেন, চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন প্রযুক্তি নিয়ে গবেষণা করতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব স্থাপনে ৫০ কোটি টাকা বরাদ্দ করেছে সরকার। শ্রমনির্ভর অর্থনীতি থেকে দেশকে প্রযুক্তি জ্ঞাননির্ভর অর্থনীতির দেশ হিসেবে গড়ে তুলতে দক্ষ মানবসম্পদ তৈরির ওপর সরকার জোর দিয়েছে। ফেসবুক, হোয়াটসঅ্যাপের মতো সামাজিক যোগাযোগমাধ্যম এবং গুগলের মতো সার্চইঞ্জিন প্ল্যাটফর্ম তৈরিতে দেশের মেধাবী তরুণেরাই কার্যকর ভূমিকা রাখবেন।

গতকাল শনিবার রাজধানীর একটি কনভেনশন সেন্টারে ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেন্স (আইসিপিসি) ২০১৯-এর আঞ্চলিক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে পলক এসব কথা বলেন। সরকারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে।

প্রতিমন্ত্রী আরও বলেছেন, বাংলাদেশের সামাজিক যোগাযোগমাধ্যম রিংআইডি ও সার্চইঞ্জিন পিপীলিকাকে উন্নত করা হবে। ২০২১ সালের ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেন্স আইসিপিসি আয়োজনের মাধ্যমে স্বাগতিক দেশ হিসেবে এগিয়ে আসতে চায় বাংলাদেশ।

জুনাইদ আহমেদ বলেন, দক্ষ মানবসম্পদ তৈরি করতে সারা দেশে ৮ হাজার শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ৪৩ হাজার মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে।

সাউথইণ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এন এম মেশকাত উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থ প্রতীম দেব, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটির উপাচার্য জামিলুর রেজা চৌধুরী এবং প্রতিযোগিতার প্রধান বিচারক বুয়েটের অধ্যাপক এম কায়কোবাদ বক্রব্য দেন।

সাউথইণ্ট বিশ্ববিদ্যালয়ের আয়োজনে সারা দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং কলেজ থেকে ১৯০টি দল এ প্রতিযোগিতায় অংশ নেয়।